

‘মুজিববর্ষ’ এবং ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী’ উদযাপন উপলক্ষ্যে আইএমইডি কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটি ও পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্যান্য বিভাগের সাথে সমন্বয় করে বর্ষব্যাপী কর্মসূচি পালন অব্যাহত রয়েছে। উক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-ঐর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গত ১৭ মার্চ ২০২০ তারিখে আইএমইডিতে একটি বঙ্গবন্ধু কন্যার স্থাপন করা হয়েছে;



চিত্র: আইএমইডি'র লাইব্রেরিতে স্থাপিত বঙ্গবন্ধু কন্যা।

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-ঐর শততম জন্মদিবস উদযাপন উপলক্ষ্যে আইএমইডি'তে গত ১৭ মার্চ ২০২০ তারিখে এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মাননীয় পরিকল্পনা মন্ত্রী উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় আইএমইডি'র অফিস প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন;
- মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত ব্যানার ও ফেস্টুন দ্বারা আইএমইডি'র ভবনসমূহ সুসজ্জিত করা হয়;
- এ বিভাগের সকল দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে যেমন: সরকারি পত্র, আধা-সরকারি পত্র, স্মারকপত্রে প্রতিষ্ঠানের লোগোর সাথে মুজিববর্ষের লোগোটিকে যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে;
- মুজিববর্ষের লোগো সম্বলিত মগ, টুপি, টি-শার্ট, কোটপিন, কলম ও গিফটবক্স বিতরণ করা হয়েছে।
- মুজিববর্ষে সরকারি ক্রয় সংক্রান্ত বিভিন্ন তথ্য সম্পর্কে জনসাধারণকে অবহিত করার লক্ষ্যে গত ২৬ আগস্ট ২০২০ তারিখে সিটিজেন পোর্টাল বা সরকারি ক্রয় বাতায়ন চালু করা হয়েছে;
- ১৭ই মার্চ, ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে পরিকল্পনা বিভাগ ও আইএমইডি'র যৌথ উদ্যোগে র্যালি, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিকল্পনা বিভাগ, আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের সিনিয়র সচিব ও সচিব মহোদয়গণ এবং সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।
- ২৬শে মার্চ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও স্বাধীনতা দিবস পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগ ও আইএমইডি কর্তৃক যৌথভাবে উদযাপন করা হয়। বেলা সজ্জিত ফেস্টুন ও পায়রা উন্মুক্তকরণের মধ্য দিয়ে এ দিবসের উদযাপন শুরু হয়। দিবসটিকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে সুসজ্জিত কেক কাটা হয়। আমাদের মহান স্বাধীনতা যুদ্ধ, স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং যাঁদের মহান আত্মত্যাগে আমরা এই স্বাধীনতা পেয়েছি তাঁদের সকলের স্মরণে আলোচনা সভা ও দোয়া-মাহফিল আয়োজন করা হয়। করোনা সংক্রমন পরিস্থিতিতে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি প্রতিপালন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করা হয়।

- মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আইএমইডি'র উদ্যোগে সরকারের গুরুত্বপূর্ণ উন্নয়ন সম্পর্কিত বিষয়সমূহের উপর গত ২২ এপ্রিল ২০২১ হতে ০৫ মে ২০২১ পর্যন্ত অনলাইনে জুম প্লাটফর্ম ব্যবহার করে ৯টি ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। এ সকল ওয়েবিনারে রূপকল্প ২০৪১; প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১); অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই, ২০২০ – জুন, ২০২৫), বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, পরিবীক্ষণ ও মূল্যায়ন কৌশল প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত ছিল। আইএমইডি কর্তৃক আয়োজিত উক্ত ৯টি ওয়েবিনারের বিষয়বস্তু নিয়ে গত ১৪ জুন ২০২১ তারিখে "আইএমইডি'র ওয়েবিনার পেপার সংকলন" শিরোনামের একটি সংকলন প্রকাশ করে সংশ্লিষ্ট সকল বরাবর বিতরণ করা হয়েছে।
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে "সকল জেলায় মুক্তিযুদ্ধ কমপ্লেক্স ভবন নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের তথ্য বাতায়ন (www.imed.gov.bd) -এ মুজিববর্ষ ও সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপন করা হয়েছে।
- ২৭ ও ২৮ জুন ২০২১ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে "বঙ্গবন্ধু ও উন্নয়ন ভাবনা" বিষয়ক দুই দিনব্যাপী চিত্র প্রদর্শনী ও আলোচনা সভার আয়োজন করা হয়।



চিত্র: আইএমইডি বিভাগের উদ্যোগে গত ২৭ ও ২৮ জুন তারিখে আয়োজিত দুই দিনব্যাপী বিশেষ চিত্র প্রদর্শনীতে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনের দুর্লভ চিত্র সম্পর্কে সহকর্মীদের ব্রিফ করছেন সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটি ও পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্যান্য বিভাগের সাথে সমন্বয় করে বর্ষব্যাপী কর্মসূচি উদযাপন অব্যাহত রয়েছে।